মেহেরপুরে আন্তর্জাতিক প্রবীণ দিবস পালন

বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে মেহেরপুরে ৩২ তম আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন করা হয়েছে।

শনিবার সকালে “Resilience of Older Persons in a Changing World”এই প্রতিপাদ্য সামনে রেখে জেলা প্রশাসকের কার্যালয় থেকে র্যালি বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ করে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে গিয়ে শেষ হয়। পরে সেখান আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা প্রবীণ হিতৈষী সংঘের সভাপতি ডাঃ এম.এ বাশার এর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান, মেহেরপুর পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, জেলা সমাজ সেবা অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ ফজলের রাব্বি।

এছাড়া বক্তব্য রাখেন প্রবীণ হিতৈষী সংঘের মেহেরপুর জেলার শাখার সাধারণ সম্পাদক মো: আবুল কালাম, মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অব:)এম এ মালেক। উপস্থাপনায় ছিলেন অবসরপ্রাপ্ত শিক্ষক নুরুল আহমেদ।

মেহেরপুর জেলা প্রশাসনের আয়োজনে এই অনুষ্ঠানের সহযোগীতায় ছিলেন মেহেরপুর জেলা প্রবীণ হিতৈষী সংঘের যুগ্ম সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা ইঞ্জিনিয়ার নুরুল ইসলাম।

প্রধানমন্ত্রীর প্রচেষ্টা আজ

নারীরা জেগে উঠেছেন – জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেন, বাংলাদেশের সফল প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তরিক প্রচেষ্টা নারীরা আজ জেগে উঠেছেন। এদেশের নারীদের ক্ষমতায়ন প্রধানমন্ত্রী সবধরণের পদক্ষেপ নিয়েছেন।তাই নারী সমাজের জেগে ওঠা।

গতকাল শুক্রবার (৩০ সেপ্টেম্বর) বিকেলে মুজিবনগর সরকারি কলেজ মাঠে মুজিবনগর উপজেলা মহিলা যুবলীগ আয়োজিত মহিলা সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন প্রতিমন্ত্রী।

মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদিকা তহমিনা খাতুনের সভাপতিত্বে অনুষ্টিত সমাবেশে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ যুব মহিলা লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সদস্য ও প্রতিমন্ত্রী পত্নি সৈয়দা মোনালিসা ইসলাম।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী আরো বলেন, প্রধানমন্ত্রী শোখ হাসিনার নেতৃৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে। বাংলাদেশ এখন বিশ্বের বুকে উন্নয়নের রোল মডেল। প্রধানমন্ত্রীর প্রচেষ্টায় দেশ এখন নিম্ন আয়ের দেশ থেকে ইতোমধ্যে মধ্যম আয়ের দেশে পরিনত হয়েছে। বাংলাদেশ এখন উন্নত সমৃদ্ধ দেশে পরিণত হয়েছে।

তিনি বলেন, আগে শিশুদের বই পেতে বছরের মধ্যভাগ পেরিয়ে যেত। অথচ আমাদের ছেলে মেয়েরা এখন বছরের শুরুতে বই হাতে পাই। তিনি বলেন সরকার সকল হ্মেত্রে এগিয়ে চলেছে দূর্বার গতিতে। আগামীতে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে নারীদের সক্রিয় ভূমিকা রাখার আহবান জানান তিনি।

সমাবেশটি সঞ্চালনায় ছিলেন, মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভানেত্রী তকলিমা খাতুন।

এর আগে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন দুপুরের দিকে মেহেরপুর সদর উপজেলার পুরাতন মদনাডাঙ্গা হয়ে বসন্তপুর যাতায়াতের ক্ষতিগ্রস্থ্য সড়কটি পরিদর্শন করেন।

এসময় প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন সড়কের সংস্কার করার আশ্বাস দেন।

জেলা প্রশাসক ডা. মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, উপস্থিত ছিলেন।

গাংনীতে তুচ্ছ ঘটনায় গৃহবধুকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে আহত

ছোট শিশুদের মারামারিতে নিশেধ করাই কুলছুম খাতুন (৩০) নামের এক গৃহবধুকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে মারাত্বক জখম করেছে আরিফ নামের এক প্রতিবেশী।

আহত কুলছুম খাতুন গাংনী উপজেলার নওপাড়া গ্রামের হঠাৎপাড়া এলাকার আহসান আলীর স্ত্রী।

হামলাকারী আরিফ একই পাড়ার ওমর আলীর ছেলে।

আজ শুক্রবার (৩০ সেপ্টেম্বর) বিকালে তাকে এ হামলা করে আরিফ।

প্রত্যক্ষদর্শিরা জানান, পাড়ার দুটি শিশু মারামারি করছিল। এসময় কুলছুম খাতুন তাদের নিবৃত করে দেন। এঘটনায় ক্ষিপ্ত হয়ে একটি শিশুর পিতা আরিফ মারামারি ঠেকানোর অপরাধে কুলছুমকে ধারাল হাসুয়া দিয়ে মাথার উপর কোপ মারেন। কুলছুম খাতুন মাটিতে লুটিয়ে পড়লে আরিফ পালিয়ে যায়।

পরিবারের লোকজন কুলছুম খাতুনকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্েের ভর্তি করেন। সেখানে তার অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্েেরর জরুরী বিভাগের চিকিৎসক বলেন তার মাথার হাড়ের অধিকাংশই কেটে গেছে। এখানে চিকিৎসা দেওয়া সম্ভব না হওয়ায় উন্নত চিকিৎসার জন্য তাকে কুষ্টিয়াতে রেফার্ড করা হয়েছে।

মুজিবনগরে পুকুরে পানিতে ভাসছিল বৃদ্ধ’র মরদেহ

মুজিবনগরে পুকুর থেকে নিয়াজ উদ্দিন মন্ডল (৭০)নামের এক বৃদ্ধ’র ভাসমান মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

নিয়াজ উদ্দীন মন্ডল মুজিবনগর উপজেলার বিশ্বনাথপুর গ্রামের মৃত বৃষ্টি মন্ডলের ছেলে।

আজ শুক্রবার (৩০ সেপ্টেম্বর) দুপুরের দিকে শিবপুর গ্রামের জামে মসজিদের পাশের একটি পুকুর থেকে তার মরদেহ উদ্ধার করা হয়।

শিবপুর গ্রামের জনৈক নারী পুকুর পাড়ে ময়লা ফেলতে এসে নিয়াজ উদ্দিনকে পানিতে ভাসতে দেখে। পরে মুজিবনগর থানা পুলিশকে খবর দিলে মুজিবনগর থানা পুলিশ তার মরদেহ উদ্ধার করে।

স্থানীয়দের বরাত দিয়ে মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল বলেন,নিয়াজ উদ্দীনের মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।

মেহেরপুরে উদ্ধারকৃত অর্ধগলিত লাশের পরিচয় মিলেছে

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর-রঘুনাথপুর মাঠ থেকে উদ্ধারকৃত নারীর নাম মালেকা বেগম (৫৫) বলে প্রাথমিকভাবে নিশ্চিত করেছে পুলিশ।

সে কুষ্টিয়ার মিরপুর উপজেলার নওদা আজমপুর গ্রামের মৃত নুরুল ইসলামের স্ত্রী।

লাশের পাশে থাকা ব্যাগে থেকে উদ্ধারকৃত মোবাইল নং ধরে কল করে তার পরিচয় উদ্ধার করেন সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি)

রফিকুল ইসলাম।

ওসি রফিকুল ইসলাম বলেন, মোবাইল ফোনে তার পারিবারের লোকজন জানিয়েছেন, কয়েকদিন আগে পারিবারিক কলহের জের ধরে মালেকা বেগম চলে এসেছে।তারপরেও পরিবারের লোকজন এসে সনাক্ত না করা পর্যন্ত বিষয়টি পরিস্কার করা যাবেনা।

মেহেরপুরের কলাক্ষেত থেকে নারীর অর্ধগলিত মরদেহ উদ্ধার

সদর উপজেলার পিরোজপুর—রঘুনাথপুর মাঠের একটি কলা ক্ষেত থেকে অজ্ঞাত এক নারীর অর্ধগলিত মরদেহ উদ্ধার কেছেন পুলিশ।

আজ শুক্রবার বেলা ১১ টার দিকে স্থানীয় কৃষকরা আমঝুপি—পিরোজপুর রাস্তার পাশে ছটাঙ্গীর মাঠ নামক স্থানের একটি কলা ক্ষেতে মরদেহটি দেখে সদর থানা পুলিশে খবর দিলে পুলিশ মরদেহটি উদ্ধার করেন।

মরদেহের পাশে একটি ব্যাগ পাওয়া গেছে। কুষ্টিয়ার মিরপুর উপজেলার আমলার একটি এনজিওর কাগজপত্র ও বিভিন্ন ব্যক্তির মোবাইল নং রয়েছে বলে জানিয়েছেন পুলিশ।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এতথ্য নিশ্চিত করে বলেন নিহতের পরিচয় সনাক্তের চেষ্টা করা হচ্ছে। তিনি বলেন ধারণা করা হচ্ছে ৩/৪ দিন আগে মারা গেছেন তিনি।

মেহেরপুরে পুলিশের অভিযানে ২

আসামি গ্রেফতার

মেহেরপুর সদর ও থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ২ আসামি গ্রেফতার হয়েছে।
গাংনী থানা পুলিশের অভিযানে জিআর মামলার ১ ও সদর থানা পুলিশের অভিযানে সিআর মামলায় ১ আসামি গ্রেফতার হয়েছে।
বৃহস্পতিবার সকাল থেকে আজ শুক্রবার (৩০ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত পৃথক দুটি অভিযানে এই দুইজন আসামি গ্রেফতার করে পুলিশ। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলামের নেতৃত্বে পুলিশ অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।
গ্রেফতারকৃতদের আজ শুক্রবার বেলা ১১ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

এবার প্রধান শিক্ষক কালামের অফিস কক্ষে তালা শিক্ষার্থীদের

মেহেরপুর সদর উপজেলার বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ এবার ছাত্রদের ভয়ে বিদ্যালয় আসলেন না।

প্রধান শিক্ষককে না পেয়ে তাঁর অফিস রুমে তালা লাগিয়ে দিনভর বিক্ষোভ করে বিক্ষব্ধ ছাত্ররা। ফলে বিদ্যালয়ে গতকাল বৃহস্পতিবার (২৯ সেপ্টেম্বর) কোনো ক্লাস হয়নি।

বিদ্যালয়ের প্রাক্তন এবং বর্তমান শিক্ষার্থীরা বৃহস্পতিবার দিনভর এই আন্দোলন করেন। এসময় বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির বিদ্যুৎসাহি সদস্য ও গ্রাম আওয়ামী লীগের সভাপতি নিয়ামুল হক, স্বেচ্ছাসেবকলীগের ওয়ার্ড কমিটির সভাপতি আকরামুল হক, বারাদী ইউনিয়ন যুবলীগের সভাপতি রাকিবুল ইসলাম, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও অভিভাবকরা উপস্থিত ছিলেন।

প্রধান শিক্ষক আবুল কালাম আজাদের বিরুদ্ধে বিদ্যালয়ের একজন শিক্ষিকার সাথে যৌন কেলেংকারী, শিক্ষার্থীদের কাছ থেকে এসএসসি পরীক্ষার ফরম পূরণের নামে অতিরিক্ত অর্থ আদায়, ভর্তি ফিসসহ নানা অজুহাতে অর্থগ্রহণের অভিযোগ এনেছে বিক্ষোভকারী এসব শিক্ষার্থীরা।

ইতোমধ্যে প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ ও একজন সহকারী শিক্ষিকার ভিডিও ফেইসবুকগুলোতে ভেসে বেড়াচ্ছে। ভিডিওতে দেখা যাচ্ছে গভীর রাতে প্রধান শিক্ষক আবুল কালা আজাদ ও ওই সহকারী শিক্ষিকা একটি বাড়ি থেকে বের হয়ে মোটরসাইকেলযোগে পালানোর চেষ্টা করছেন। কিছু যুবক তাদের আটকিয়ে তাদের জিজ্ঞাসাবাদ করছে। এক পর্যায়ে ওই শিক্ষিকা যুবকদের পা ধরে বিষয়টি না জানানোর অনুরোধ করছে। এছাড়া প্রধান শিক্ষক নানাভাবে তাদের ম্যানেজ করার চেষ্টা করছেন।

শিক্ষার্থী নাজাত আলী বলেন, আমাদের কাছে সে এসএসসি পরীক্ষার ফরম ফ্লাপের সময় ৩ হাজার থেকে সাড়ে ৩ হাজার টাকা পর্যন্ত নিয়েছেন প্রধান শিক্ষক। আমরা তার এই অন্যায়ের প্রতিবাদ করাই সে আমাদের ফেল করিয়ে দেওয়ার হুমকী দিতো।
এছাড়া অন্যান্য শিক্ষার্থীরা অভিযোগ করেন, প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ ২০২১-২২ সালের এসএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে নেওয়া অতিরিক্ত অর্থ সরকারীভাবে ফেরত দেওয়ার নির্দেশ থাকলেও অদ্যবধি সে টাকা ফেরত দেননি। শিক্ষার্থীরা বারবার তার কাছে আসলেও সে টাকা ফেরত দেননি।

ষষ্ঠ শ্রেনীর একজন ছাত্রী অভিযোগ করেন সহকারী শিক্ষিকা আমাকে স্কেল দিয়ে মেরে হাত কেটে দিয়েছে। নাম প্রকাশ না করার শর্তে কয়েকজন ছাত্রী বলেন, বিভিন্ন কায়দার আমাদের কাছ থেকে টাকা পয়সা তুলে থাকেন শিক্ষকরা।

স্থানীয় চা দোকানী কালাম বলেন, আমার মেয়ের জন্য টিসি চাইতে গেছিলাম প্রধান শিক্ষকের কাছে। কিন্তু সে সেটা দিতে মোটা অংকের টাকা দাবী করে। সেখানে স্থানীয় মেম্বরসহ বিভিন্ন রাজনৈতিক নেতাকে বলেও সেই টিসি নিতে আমাকে টাকা দিতে হয়েছে। তিনি বলেন, প্রধান শিক্ষক আবুল কালাম আজাদের লজ্জা স্বরম কিছুই নেই।

সহকারী প্রধান শিক্ষকসহ অন্যান্য শিক্ষকরা বলেন, প্রধান শিক্ষক এককভাবে সব ধরণের কাজ করে থাকেন। আমাদের কোনো কিছুই জানান না

তিনি। অতিরিক্ত টাকা পয়সা উত্তোলনসহ নানা অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে। কিন্তু কেউ তার কিছুই করতে পারবেনা।

নাম প্রকাশ না করার শর্তে কয়েকজন শিক্ষক বলেন, প্রধান শিক্ষক একটি হত্যা মামলার প্রধান আসামি। তাকে আমরা কিছু বললে হত্যার হুমকী পর্যন্ত দিয়ে থাকেন। আমরাও তার ভয়ে কিছু বলতে পারিনি। তার বিরুদ্ধে সারা বছরই শিক্ষার্থীরা আন্দোলন করে থাকে। তারপরেও সে কোনো কিছু মনে করেনা। তারা অভিযোগ করেন বর্তমান সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন ও জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হক তার কাছ থেকে মোটা অংকের টাকা পয়সা গ্রহণ করায় তারাও এই প্রধান শিক্ষকের সব অপকর্মকে বৈধ করে দেন। আমরা এই প্রধান শিক্ষকের কারণে নানাভাবে অপমান বোধ করি।

উল্লেখ্য, শিক্ষকদের টিউশন ফিস আত্মসাৎ, অবৈধ নিয়োগ বাণিজ্য, শিক্ষকদের সাথে দূর্ব্যবহারসহ জাল সার্টিফিকেট বিক্রি, আদালতের মামলায় দুদকের তদন্ত, বারাদী বাজার কমিটির সভাপতি আলাউদ্দীন হত্যা মামলার প্রধান আসামিসহ নানা অভিযোগ রয়েছে প্রধান শিক্ষক আবুল কালাম আজাদের বিরুদ্ধে।

দামুড়হুদায় দুই মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে নিহত ২

দামুড়হুদা উপজেলার দর্শনার ছয়ঘরিয়ায় দুই মটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে হাউলী ইউনিয়নের জয়রামপুর কলোনি পাড়ার ফারুক হোসেনের ছেলে রায়হান উদ্দিন (৩০) ও পারকৃষ্ণপুর- মদনা ইউনিয়নের বাড়াদি গ্রামের হোসেন আলীর ছেলে হৃদয় (২৫) মর্মান্তিক মৃত্যু হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে দামুড়হুদা উপজেলার ছয়ঘরিয়া গ্রামে এ দুর্ঘটনা ঘটে। নিহতদের লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে রাখা আছে। নিহত রায়হান উদ্দিন (৩০) দামুড়হুদা উপজেলার জয়রামপুর কলোনি পাড়ার ফারুক হোসেনের ছেলে, ও নিহত হৃদয় বাড়াদি গ্রামের হোসেন

আলীর ছেলে।

জানা যায়, রায়হান উদ্দিন একজন ইলেকট্রিক মিস্ত্রী বৃহস্পতিবার সকালে পারকৃষ্ণপুর- মদনা ইউনিয়নের বাড়াদি গ্রামে মামার বাড়ি কারেন্টর কাজ করার জন্য যায়। মামার বাসার প্রয়োজনীয় কারেন্টের মালামাল কেনাকাটা করতে মামাতো ভাই হৃদয়ের সাথে দর্শনা বাজারে আসার পথে দামুড়হুদা উপজেলার ছয়ঘরিয়া গ্রামের মাঝ পাড়া নামক স্থানএ পৌঁছালে বিপরীত দিক থেকে আসা কালো রংয়ের সুজুকি জিকসার ১৫৫সিসি মটরসাইকেল দ্রুতগতিতে এসে ধাক্কা মারে, মোটরসাইকেল ফেলে পালিয়ে যায়।

এতে ইলেকট্রিক মিস্ত্রী রায়হান উদ্দিন ও তার মামাতো ভাই হৃদয় গুরুতরভাবে আহত হলে স্থানীয়রা উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরী বিভাগে নিলে কর্তব্যরত চিকিৎসক রায়হান উদ্দিন কে মৃত ঘোষণা করেন। ও মামাতো ভাই হৃদয়ের অবস্থা গুরুতর হওয়ায় কুষ্টিয়ায় রেফার্ড করে এম্বুলেন্স যোগে কুষ্টিয়া যাওয়ার পথে হৃদয় মারা যায়। ঘাতক চালককে এখনো সনাক্ত করতে পারিনি পুলিশ।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক নুরজাহান রুমি জানান, দুপুরে মোটরসাইকেল দূর্ঘটনায় গুরুতর রক্তাক্ত জখমকৃত দুজনকে হাসপাতালে নেওয়ার পথে রায়হান নামে এক জনের মৃত্যু হয়। পরে রক্তাক্ত জখম হৃদয়ের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে কে রেফার্ড করা হয় কুষ্টিয়া যাওয়ার পথে সেও মারা যায়। ময়নাতদন্ত শেষে মৃত ব্যক্তিদের লাশ দুটো তাদের আত্মীয় সজন দের কাছে হস্তান্তর করা হবে।

বিষয়টি নিশ্চিত করেন দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবীর।

কুষ্টিয়ায় আন্তর্জাতিক তথ্য

অধিকার দিবস উপলক্ষে ডিপিএফ’র আলোচনা

‘তথ্য প্রযুক্তির যুগে জনগনের তথ্য অধিকার নিশ্চিত হোক’ প্রতিপাদ্যে কুষ্টিয়ায় আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে কুষ্টিয়ার জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম।

ডিস্ট্রিক্ট পলিসি ফোরাম (ডিপিএফ) কুষ্টিয়া এ অনুষ্ঠানের আয়োজন করে।

ডিপিএফ কুষ্টিয়ার সভাপতি মাহবুবা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন স্থানীয় সরকার শাখার উপ-পরিচালক মো: আরিফ-উজ-জামান, অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) শারমিন আখতার, জেলা তথ্য অফিসের সিনিয়র তথ্য অফিসার শিল্পী মন্ডল।

ডিস্ট্রিক্ট পলিসি ফোরাম কুষ্টিয়ার সম্পাদক আসাদুজ্জামানের সঞ্চালনায় অনুষ্ঠিত সংলাপে স্বাগত বক্তব্য রাখেন ডিপিএফ কুষ্টিয়ার সভাপতি মাহবুবা বেগম।

ধারনাপত্র উপস্থাপন করেন ডিস্ট্রিক্ট পলিসি ফোরাম (ডিপিএফ) কুষ্টিয়ার সহ-সভাপতি ও বাংলাভিশন টেলিভিশনের জেলা প্রতিনিধি হাসান আলী।

বক্তারা বলেন, তথ্য অধিকার আইন-২০০৯ নিঃসন্দেহে একটি উত্তম আইন। এটি বাংলাদেশের জন্য একটি যুগান্তকারী ঘটনা এবং জনগণের ক্ষমতায়নে মাইলফলক। এই আইনের মাধ্যমে জনগণের তথ্য পাবার অধিকার নিশ্চিত করতে হবে।

এসময় বক্তারা বলেন, তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করার লক্ষ্যে মানসিকতা পরিবর্তনের পাশাপাশি জবাবদিহিতার ব্যবস্থা করতে হবে। আর জবাবদিহিতা বাড়লে অপরাধ প্রবনতা বা দূর্নীতি কমতে শুরু করবে। কেননা, ব্রিটিশ আমল থেকে ক্ষমতা হারানোর ভয়ে তথ্য গোপন রাখার প্রবণতা রয়েছে। দেশের উন্নয়নের স্বার্থে মানুষকে চিন্তা-চেতনা ও